

প্রাথমিক শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা ২৭ জুন

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট সহকারী শিক্ষক নিয়োগ ২০১৪ এর লিখিত পরীক্ষা আগামী ২৭ জুন শনিবার অনুষ্ঠিত হবে।

গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, নির্ধারিত ৫টি জেলা- নড়াইল, মেহেরপুর, মুন্সিগঞ্জ, শরীয়তপুর ও ফেনী জেলায় এ পরীক্ষা দুপুর ২টা থেকে ৩টা ২০ মিনিট পর্যন্ত একযোগে অনুষ্ঠিত হবে।

আগামী ২০ জুন থেকে বৈধ প্রার্থীদের মোবাইলে মেসেজ প্রেরণ করা হবে এবং ২২ জুন থেকে প্রার্থীরা নিজ

প্রবেশপত্র <http://dpe.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। ওএমআর শিট পূরণের নির্দেশনাবলি এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য www.dpe.gov.bd সাইটে পাওয়া যাবে।

পরীক্ষার্থীরা প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন ও ড্যানিটি ব্যাগ, পার্স, ইলেকট্রনিক ঘড়ি বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখতে পারবেন না। যদি কোনো পরীক্ষার্থী উল্লেখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করেন তবে তাকে তাৎক্ষণিকভাবে বহিষ্কার করা হবে। অন্যান্য জেলার পরীক্ষার তারিখ, সময় ও যাবতীয় তথ্য পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।